॥ শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য শরণম্ ॥

কলিযুগপাবনস্বভজন বিভজন প্রয়োজনাবতার শ্রীশ্রীভগবৎ
শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচরণানুচর-বিশ্ববৈষ্ণব রাজসভা-সভাজন ভাজন
শ্রীমদ্রূপ, শ্রীসনাতন, শ্রীগোপালভট্ট, শ্রীরঘুনাথভট্ট,
শ্রীরঘুনাথদাস, শ্রীজীব গোস্বামীচরণানুমত
বৈষ্ণব-স্মৃতি শ্রীহরিভক্তিবিলাস সম্মত
শ্রীশ্রীগিরিগোবর্ধনস্থ
শ্রীশ্রী ১০৮ পণ্ডিত শ্রীঅদ্বৈতদাস বাবাজী মহারাজ
কর্তৃক স্থাপিত শ্রীমাধবগৌড়েশ্বর মহাসভা গোবর্ধন হইতে
প্রকাশিত

(রেজিঃ নং ১৮৬০)

পরম্পরা প্রচলিত মহাজনানুমোদিত-
কাশী বিশ্বপঞ্চাঙ্গ ও পি.এম.বাক্‌চি পঞ্জিকা এবং ব্রজমণ্ডল
বৈষ্ণবজনানুমোদিত তথা শ্রীবৃন্দাবনধাম সপ্তদেবালয় সম্মত।

শ্রীশ্রীবৈষ্ণব ব্রতোৎসব পঞ্জিকা

উনসপ্ততিতমঃ বর্ষঃ (৬৯ তম বর্ষ)

শ্রীকৃষ্ণাব্দ ৫২৪৯-৫০, শ্রীগৌরাঙ্গাব্দ ৫৩৮-৫৩৯, সম্বৎ ২০৮১-২০৮২
শকাব্দ ১৯৪৬-৪৭ **বঙ্গাব্দ- ১৪৩১** খৃষ্টাব্দ ২০২৪-২০২৫

মথুরার ষ্ট্যাণ্ডার্ড সময়ে তিথি নক্ষত্র ও সূর্যোদয় যথা নিঃসন্দেহে নির্ণীত হইল।
মথুরার সময়ের সহিত ৪৩ মিঃ বিয়োগ করিলে
কলকাতার সময় নির্ণীত হইবে।

ভূমিকা

আজ কয়েক বৎসর যাবৎ একাদশ্যাদি ব্রত বিচারে একই সম্প্রদায়ে প্রাকাশিত বিভিন্ন পত্রিকাতে মতভেদ হওয়ার কারণ এই যে, সূর্য্যসিদ্ধান্তানুযায়ী প্রস্তুত কলিকাতার পি.এম. বাক্‌চি ও কাশীর বিশ্বপঞ্চাঙ্গ প্রভৃতি প্রাচীন পঞ্জিকার সহিত আধুনিক চিত্রা-পক্ষীয় দিল্লীর বিশ্ববিজয় পঞ্চাঙ্গ মিলাইয়া ব্রত বিচার করা। ঐ বিশ্ববিজয় পঞ্চাঙ্গ চলগণিত বেধশালানুযায়ী দৃক্‌সিদ্ধমতে প্রস্তুত। কিন্তু ধর্ম স্থির পদার্থ। ধর্ম কৃত্যে চলগণিত গ্রহণীয় নহে। এ সম্বন্ধে শাস্ত্রীয়যুক্তি, সদাচার ও ধর্মশাস্ত্রে অনেক প্রমাণ আছে। সেই সমস্ত প্রমাণ এই ক্ষুদ্র পঞ্জিকাতে প্রকাশ করা সম্ভবপর নহে। কাশী হিন্দুমহাসভার অধ্যক্ষ বিখ্যাতবিদ্ধান্ শ্রীস্বামী করপাত্রীজী মহারাজ ও তদানুগত পণ্ডিতগণ এ সম্বন্ধে তিনখানি পুস্তিকা সংস্কৃত ভাষায় প্রকাশ করিয়া সূর্য্যসিদ্ধান্তানুযায়ী পঞ্জিকাই সর্ব্ব সম্মত তথা দৃক্ পক্ষীয় পঞ্জিকাকে ধর্মশাস্ত্র বিরুদ্ধ বলিয়া প্রতিপাদন করিয়াছেন। অস্মৎ সম্প্রদায়ের আদর্শ মহাপুরুষ দাউজী বাগিচা নিবাসী সিদ্ধ পণ্ডিত বাবাজী মহারাজও উক্ত পঞ্জিকামতে ব্রতাদি করেন নাই। কারণ তাঁহার অপ্রকটের পাঁচ বৎসর পরে ওই বিশ্ববিজয় পঞ্চাঙ্গের জন্ম হইয়াছে। কেবল গ্রহণাদি দৃষ্টার্থক কর্ম্ম ভিন্ন অন্য অদৃষ্টার্থক কর্ম্ম ব্রতাদি ধর্ম্মকৃত্যে দৃক্‌সিদ্ধ তিথ্যাদি যুক্ত পঞ্জিকা গ্রহণ করা কর্তব্য নহে। প্রমাণঃ- রাহুদর্শনতোহন্যত্র দৃক্‌সিদ্ধা নেষ্যতে তিথিঃ (শাকল্য সংহিতায়াং)। বিগত সন ১৩৫৮ সালের গৌড়েশ্বর বৈষ্ণব সম্মিলনীর পত্রিকায় মহান্ত শ্রী সনাতন দাস বাবাজী মহারাজের বিরহ মহোৎসবে গোবর্ধনে চৌরাশী ক্রোশ বৈষ্ণব সম্মিলিত সভাতে নির্ধারিত কাশী বিশ্বপঞ্চাঙ্গ ও পি.এম.বাক্‌চি পঞ্জিকা এবং ধর্মশাস্ত্র ও বেদাঙ্গ জ্যোতিষের প্রধান নীতি "বানবৃদ্ধি রসক্ষয়" নিয়মানুসারে ব্রতাদির সিদ্ধান্তে গ্রহণীয়। জগদ্‌গুরু শ্রীশ্রী মধবাচার্য্য উড়ুপী কৃষ্ণগাদী পীঠারূঢ় দিগ্বিজয়ী পণ্ডিত শ্রীশ্রী ১০০৮ শ্রীল বিদ্যমান্য তীর্থ স্বামীপাদ সন ১৯৬৫ ইং তে বৃন্দাবন আগমন করিয়াছিলেন তখন পঞ্জিকা বিভ্রাট বিষয়ে সমালোচনা করিয়া সংস্কৃত ভাষায় যাঁহা বিদ্বন্মণ্ডলী মধ্যে নির্ণয় করিয়া সীলমোহর করতঃ লিপিবদ্ধ করিয়াছিলেন তাঁহা আমাদের নিকট বর্তমান আছে। উক্ত প্রতিলিপি যথাঃ-

"একাদশী প্রভৃতি ব্রতনির্ণয়ে শ্রীমাধবগৌড়েশ্বর সম্প্রদায়ানুযায়িভিঃ কেতকী পঞ্চাঙ্গং ন স্বীকরণীয়ম্। ইতি রাদ্ধান্তঃ। তথা চিত্রাপক্ষীয় পঞ্চাঙ্গমপি একাদশী প্রভৃতি ব্রত নির্ণয়ে ন স্বীকরণীয়ম্। এতদ্বিষয়ে বহু প্রমাণানি সন্তি"।

স্বাক্ষরঃ- শ্রীবিদ্যামান্য তীর্থ।

ভাণ্ডার কেরী মঠ, উড়ুপী।

প্রকাশক

বিরক্ত শ্রীমাধবগৌড়েশ্বর মহাসভা, গোবর্ধন।

॥ শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য শরণম্ ॥

॥ শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ ॥

১৪৩১ সাল

বৈশাখ মাস ৩১ দিন (শ্রীমধুসূদন)

চৈত্র শুক্লপক্ষ

১ বৈশাখ ১৪ এপ্রিল রবিবার ষষ্ঠী দিবা ৩/২১ মিঃ, আর্দ্রা শেষরাত্রি ৫/০২ মিঃ, শ্রীগৌরগোবিন্দ দাস বাবা (গোবর্ধন) তিরোঃ মহোঃ।

২ বৈশাখ ১৫ এপ্রিল সোমবার সপ্তমী দিবা ৩/২৩ মিঃ, পুনর্বসু অহোরাত্র।

৩ বৈশাখ ১৬ এপ্রিল মঙ্গলবার অষ্টমী দিবা ৩/৫৯ মিঃ, পুনর্বসু প্রাতঃ ৬/০১ মিঃ, **শ্রীঅভিরাম ঠাকুর তিরোঃ মহোঃ।**

৪ বৈশাখ ১৭ এপ্রিল বুধবার ব্রত, নবমী অপরাহ্ন ৫/০৩ মিঃ, পুষ্যা দিবা ৭/২৮ মিঃ। **শ্রীরামনবমী জয়ন্তী** মধ্যাহ্নে অভিষেক, বৃহস্পতিবার পারণ।

৫ বৈশাখ ১৮ এপ্রিল বৃহস্পতিবার দশমী সায়ং ৬/২৩ মিঃ, অশ্লেষা দিবা ৯/২৩ মিঃ। শ্রীবিষ্ণুদাস বাবা (ভাগবত নিবাস, বৃন্দাবন) তিরোঃ মহোঃ।

৬ বৈশাখ ১৯ এপ্রিল শুক্রবার ব্রত, **শ্রীকামদা একাদশী** রাত্রি ৮/২৪ মিঃ, মঘা দিবা ১১/৩৮ মিঃ। শনিবার দিবা ৯/৩০ মিঃ মধ্যে পারণ। সূর্যোদয়- মথুরা ৫/৫৪মিঃ, কলকাতা-৫/১৬ মিঃ।

৭ বৈশাখ ২০ এপ্রিল শনিবার দ্বাদশী রাত্রি ১০/২৮ মিঃ, পূর্বফাল্গুনী দিবা ২/১৫ মিঃ। **সিদ্ধ শ্রীল জয়কৃষ্ণ দাস বাবা (কাম্যবন),** শ্রীশচীনন্দন দাস বাবা (শিমুতলা, নবদ্বীপ) তিরোঃ মহোঃ।

৮ বৈশাখ ২১ এপ্রিল রবিবার ত্রয়োদশী রাত্রি ১২/১৯ মিঃ, উত্তরফাল্গুনী দিবা ৪/৩৬ মিঃ। শ্রীকৃষ্ণচৈতন্য দাস বাবা (বৃন্দাবন) তিরোঃ মহোঃ।

৯ বৈশাখ ২২ এপ্রিল সোমবার চতুর্দ্দশী রাত্রি ২/২৫ মিঃ, হস্তা রাত্রি ৭/২৩ মিঃ।

১০ বৈশাখ ২৩ এপ্রিল মঙ্গলবার পূর্ণিমা রাত্রি ৪/০৪ মিঃ, চিত্রা রাত্রি ৯/৪০ মিঃ। শ্রীকৃষ্ণদাস বাবা (সন্তনিবাস, বৃন্দবন ও গান্ধর্বিকা গিরিধারী কুটীর, শিব-নগর কলোনী, গোবর্ধন) তিরোঃ মহোঃ। **শ্রীরাধাকৃষ্ণের বসন্ত রাসযাত্রা।**

বৈশাখ কৃষ্ণপক্ষ

১১ বৈশাখ ২৪ এপ্রিল বুধবার প্রতিপদ শেষরাত্রি ৫/১৯ মিঃ,স্বাতী রাত্রি ১১/৩৭ মিঃ।

১২ বৈশাখ ২৫ এপ্রিল বৃহস্পতিবার দ্বিতীয়া অহোরাত্র, বিশাখা রাত্রি ১/০৭ মিঃ।

১৩ বৈশাখ ২৬ এপ্রিল শুক্রবার দ্বিতীয়া প্রাতঃ ৬/০৫ মিঃ, অনুরাধা রাত্রি ২/০৮ মিঃ।

১৪ বৈশাখ ২৭ এপ্রিল শনিবার তৃতীয়া প্রাতঃ ৬/২১ মিঃ, জ্যেষ্ঠা রাত্রি ২/৩৮ মিঃ।

১৫ বৈশাখ ২৮ এপ্রিল রবিবার চতুর্থী প্রাতঃ ৬/০৭ মিঃ, পশ্চাৎ পঞ্চমী শেষরাত্রি ৫/২৩ মিঃ, মূলা রাত্রি ২/৪১ মিঃ।

১৬ বৈশাখ ২৯ এপ্রিল সোমবার ষষ্ঠী রাত্রি ৪/০৪ মিঃ, পূর্বাষাঢ়া রাত্রি ২/১৭ মিঃ।

১৭ বৈশাখ ৩০ এপ্রিল মঙ্গলবার সপ্তমী রাত্রি ২/৪২ মিঃ, উত্তরাষাঢ়া রাত্রি ১/৩০ মিঃ।

১৮ বৈশাখ ১ মে বুধবার অষ্টমী রাত্রি ১২/৪৯ মিঃ, শ্রবণা রাত্রি ১২/২৩ মিঃ।

১৯ বৈশাখ ২ মে বৃহস্পতিবার নবমী রাত্রি ১০/৪১ মিঃ, ধনিষ্ঠা রাত্রি ১১/০০ মিঃ।

২০ বৈশাখ ৩ মে শুক্রবার দশমী রাত্রি ৮/২২ মিঃ, শতভিষা রাত্রি ৯/২৮ মিঃ। শ্রীশচীনন্দন দাস বাবা (বর্ষাণা) তিরোঃ মহোঃ।

২১ বৈশাখ ৪ মে শনিবার ব্রত, **শ্রীবরুথিনী একাদশী** সায়ং ৫/৫৫ মিঃ, পূর্ব্বভাদ্রপদ রাত্রি ৭/৪৮ মিঃ। রবিবার দিবা ৯/৩০ মিঃ মধ্যে পারণ। সূর্যোদয় মথুরা- ৫/৪২ মিঃ, কলকাতা- ৫/০৭ মিঃ।

২২ বৈশাখ ৫ মে রবিবার দ্বাদশী দিবা ৩/২৬ মিঃ, উত্তরভাদ্রপদ সায়ং ৬/০৬ মিঃ।

২৩ বৈশাখ ৬ মে সোমবার ত্রয়োদশী দিবা ১/০১ মিঃ, রেবতী দিবা ৪/০৬ মিঃ।

২৪ বৈশাখ ৭ মে মঙ্গলবার চতুর্দ্দশী দিবা ১০/৫১ মিঃ, অশ্বিনী দিবা ৩/০১ মিঃ। মহান্ত শ্রীমুরারীমোহন দাস বাবাজী মহারাজ (বৃন্দাবন, গোবর্ধন ও রাধাকুণ্ড) তিরোঃ মহোঃ।

২৫ বৈশাখ ৮ মে বুধবার অমাবস্যা দিবা ৮/৫১ মিঃ,ভরণী দিবা ১/৪৭ মিঃ। **শ্রীল গদাধর পণ্ডিত গোস্বামী আবির্ভাব মহোঃ।**

বৈশাখ শুক্লপক্ষ

২৬ বৈশাখ ৯ মে বৃহস্পতিবার প্রতিপদ দিবা ৭/০৬ মিঃ, কৃত্তিকা দিবা ১২/৪৬ মিঃ।

২৭ বৈশাখ ১০ মে শুক্রবার দ্বিতীয়া প্রাতঃ ৫/৪৩ মিঃ, পশ্চাৎ **অক্ষয় তৃতীয়া**

শেষরাত্রি ৪/৪৫ মিঃ, রোহিণী দিবা ১২/১৩ মিঃ। **চন্দনযাত্রা, শ্রীপরশুরাম জয়ন্তী।**

২৮ বৈশাখ ১১ মে শনিবার চতুর্থী রাত্রি ৪/১৪ মিঃ, মৃগশিরা দিবা ১২/০৯ মিঃ।

২৯ বৈশাখ ১২ মে রবিবার পঞ্চমী রাত্রি ৪/১৪ মিঃ,আর্দ্রা দিবা ১২/৩২ মিঃ।

৩০ বৈশাখ ১৩ মে সোমবার ষষ্ঠী রাত্রি ৪/৪৪ মিঃ,পুনর্বসু দিবা ১/২৫ মিঃ।

৩১ বৈশাখ ১৪ মে মঙ্গলবার সপ্তমী অহোরাত্র, পূষ্যা দিবা ২/৪৮ মিঃ। শ্রীরাধিকানাথ গোস্বামী, শ্রীমাধব দাস বাবা ও শ্রীরাধাগোবিন্দ দাস বাবা (মুঙ্গের মন্দির, বৃন্দাবন) তিরোঃ মহোঃ। **বৃষ সংক্রান্তি।**

জৈষ্ঠমাস ৩২ দিন (শ্রীত্রিবিক্রম)

১ জ্যৈষ্ঠ ১৫ মে বুধবার সপ্তমী প্রাতঃ ৫/৪৩ মিঃ, অশ্লেষা দিবা ৪/৪০ মিঃ।

২ জ্যৈষ্ঠ ১৬ মে বৃহস্পতিবার অষ্টমী দিবা ৭/০৮ মিঃ, মঘা সায়ং ৬/৫৪ মিঃ। শ্রীরাধাকুণ্ডের মহোৎসব প্রারম্ভ। শ্রীশ্রী জাহ্নবামাতা গোস্বামীনিজীর শুভাবির্ভাব অধিবাস। শ্রীরাধাগোপীনাথ জীউর ফুলবাংলা।

৩ জ্যৈষ্ঠ ১৭ মে শুক্রবার শ্রীসীতা নবমী দিবা ৮/৫৪ মিঃ,পূর্বফাল্গুনী রাত্রি ৯/২৪ মিঃ। শ্রীজাহ্নবা মাতা গোস্বামীনীজীর শুভাবির্ভাব অভিষেক গোষ্ঠলীলা ও শ্রীকুণ্ডমিলন কীর্ত্তন এবং বৈষ্ণবসেবা। শ্রীফণীভূষণ গোস্বামী (গয়েসপুর ঠাকুরবাড়ি, মালদা) তিরোঃ মহোঃ।

৪ জ্যৈষ্ঠ ১৮ মে শনিবার দশমী দিবা ১০/৫৩ মিঃ,উত্তরফাল্গুনী রাত্রি ১২/০২ মিঃ। কলহান্তরিতা কীর্ত্তন ও বৈষ্ণবসেবা।

৫ জ্যৈষ্ঠ ১৯ মে রবিবার ব্রত, **শ্রীমোহিনী একাদশী** দিবা ১২/৫৩ মিঃ, হস্তা রাত্রি ২/৩৫ মিঃ। সোমবার দিবা ৯/৩০ মিঃ মধ্যে পারণ। ধূলোট ও শ্রীকুণ্ডের মহোৎসব সমাপন। সূর্যোদয়- মথুরা ৫/৩৩ মিঃ, কলকাতা- ৪/৫৮ মিঃ।

৬ জ্যৈষ্ঠ ২০ মে সোমবার দ্বাদশী দিবা ২/৫৪ মিঃ, চিত্রা শেষরাত্রি ৪/৫৭ মিঃ।

৭ জ্যৈষ্ঠ ২১ মে মঙ্গলবার ত্রয়োদশী দিবা ৪/৩১ মিঃ, স্বাতী অহোরাত্র।

৮ জ্যৈষ্ঠ ২২ মে বুধবার ব্রত, **শ্রীনৃসিংহচতুর্দশী** সায়ং ৫/৪৫ মিঃ, স্বাতী

প্রাতঃ ৬/৫৮ মিঃ। স্বায়ংকালে অভিষেক, বৃহস্পতিবার দিবা ৯/৩০ মিঃ মধ্যে পারণ। সূর্যোদয়- মথুরা- ৫/৩২ মিঃ,কলকাতা ৪/৫৭মিঃ।

৯ জ্যৈষ্ঠ ২৩ মে বৃহস্পতিবার মাধবী পূর্ণিমা সায়ং ৬/৩০ মিঃ, বিশাখা দিবা ৮/৩৪ মিঃ। শ্রীকৃষ্ণের ফুলদোল, শ্রীরাধারমণ জয়ন্তী। শ্রীনিবাস আচার্য্য প্রভুর আবির্ভাব মহোৎসব, শ্রীলমাধবেন্দ্র পুরী গোস্বামী ও শ্রীমাধব দাস বাবা (আনোর) তিরোঃ মহোঃ।

জ্যৈষ্ঠ কৃষ্ণপক্ষ

১০ জ্যৈষ্ঠ ২৪ মে শুক্রবার প্রতিপদ সায়ং ৬/৪৬ মিঃ,অনুরাধা দিবা ৯/৪২ মিঃ।

১১ জ্যৈষ্ঠ ২৫ মে শনিবার দ্বিতীয়া সায়ং ৬/৩১ মিঃ, জ্যেষ্ঠা দিবা ১০/১৯ মিঃ।

১২ জ্যৈষ্ঠ ২৬ মে রবিবার তৃতীয়া সায়ং ৫/৪৭ মিঃ, মূলা দিবা ১০/১৮ মিঃ। শ্রীকৃপাসিন্ধু দাস বাবা (মথুরা) তিরোঃ মহোঃ।

১৩ জ্যৈষ্ঠ ২৭ মে সোমবার চতুর্থী দিবা ৪/৩৭ মিঃ, পূর্বাষাঢ়া দিবা ১০/১০ মিঃ। শ্রীহরিপদ দাস বাবা (শিরোমণি কুঞ্জ সমাধিস্থল বৃন্দাবন এবং ভানুখোর, বর্ষাণা) তিরোঃ মহোঃ।

১৪ জ্যৈষ্ঠ ২৮ মে মঙ্গলবার পঞ্চমী দিবা ৩/০৩ মিঃ, উত্তরাষাঢ়া দিবা ৯/২৮ মিঃ। **শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত জয়ন্তী।**

১৫ জ্যৈষ্ঠ ২৯ মে বুধবার ষষ্ঠী দিবা ১/০৮ মিঃ, শ্রবণা দিবা ৮/২৫ মিঃ। শ্রীমধুসূদন গোস্বামী, শ্রীগৌরগোপাল দাস বাবা (ইমলীতলা,গোবর্ধন) তিরোঃ মহোঃ।

১৬ জ্যৈষ্ঠ ৩০ মে বৃহস্পতিবার সপ্তমী দিবা ১০/৫২ মিঃ, ধনিষ্ঠা প্রাতঃ ৭/০৬ মিঃ পশ্চাৎ শতভিষা শেষরাত্রি ৫/৩৫ মিঃ।

১৭ জ্যৈষ্ঠ ৩১ মে শুক্রবার অষ্টমী দিবা ৮/৩০ মিঃ, পূর্ব্বভাদ্রপদ শেষরাত্রি ৩/৫৭ মিঃ। শ্রীস্বরূপ কৃষ্ণদাস বাবা (শ্যামকুটি, গোবর্দ্ধন) শ্রীসুবলদাস বাবা ও শ্রীললিতা দাস বাবা (রাধাকুণ্ড) তিরোঃ মহোঃ।

১৮ জ্যৈষ্ঠ ১ জুন শনিবার নবমী প্রাতঃ ৬/০৬ মিঃ পশ্চাৎ দশমী শেষরাত্রি ৩/৪০ মিঃ, উত্তরভাদ্রপদ রাত্রি ২/১৭ মিঃ। **শ্রীবাস পণ্ডিত গোস্বামী আবির্ভাব মহোঃ।**

১৯ জ্যৈষ্ঠ ২ জুন রবিবার শ্রীঅপরা একাদশী (দশমী বিদ্ধা) রাত্রি ১।০২ মিঃ,

রেবতী রাত্রি ১২/৪০ মিঃ।

২০ জ্যৈষ্ঠ ৩ জুন ব্রত, সোমবার দ্বাদশী রাত্রি ১০/৫৫ মিঃ, অশ্বিনী রাত্রি ১১/৫৮ মিঃ। মঙ্গলবার দিবা ৯/৩০ মিঃ মধ্যে পারণ। সূর্যোদয়- মথুরা- ৫/২৯ মিঃ। কলকাতা ৫/০০ মিঃ।

২১ জ্যৈষ্ঠ ৪ জুন মঙ্গলবার ত্রয়োদশী রাত্রি ৮/৫০ মিঃ,ভরণী রাত্রি ৯/৫৩ মিঃ। মহান্ত শ্রীহরিদাস বাবা (ইমলীতলা, গোবর্ধন) তিরোঃ মহোঃ।

২২ জ্যৈষ্ঠ ৫ জুন বুধবার চতুর্দ্দশী সায়ং ৭/০২ মিঃ, কৃত্তিকা রাত্রি ৮/৫৩ মিঃ। শ্রীকিশোরী দাস বাবা (কাম্যবন) এবং শ্রীযুগল দাস বাবা (উপর মন্দির, বৃন্দাবন) তিরোঃ মহোঃ ।

২৩ জ্যৈষ্ঠ ৬ জুন বৃহস্পতিবার অমাবস্যা সায়ং ৫/৩৪ মিঃ, রোহিণী রাত্রি ৮/১৫ মিঃ।

জ্যৈষ্ঠ শুক্লপক্ষ

২৪ জ্যৈষ্ঠ ৭ জুন শুক্রবার প্রতিপদ দিবা ৪/৩০ মিঃ, মৃগশিরা রাত্রি ৮/০১ মিঃ।

২৫ জ্যৈষ্ঠ ৮ জুন শনিবার দ্বিতীয়া দিবা ৩/৫৬ মিঃ, আর্দ্রা রাত্রি ৮/১৬ মিঃ।

২৬ জ্যৈষ্ঠ ৯ জুন রবিবার তৃতীয়া দিবা ৪/০০ মিঃ, পুনর্বসু রাত্রি ৮/৫১ মিঃ।

২৭ জ্যৈষ্ঠ ১০ জুন সোমবার চতুর্থী দিবা ৪/১২ মিঃ, পুষ্যা রাত্রি ১০/১৭ মিঃ।

২৮ জ্যৈষ্ঠ ১১ জুন মঙ্গলবার পঞ্চমী সায়ং ৫/১৮ মিঃ, অশ্লেষা রাত্রি ১২/০০ মিঃ।

২৯ জ্যৈষ্ঠ ১২ জুন বুধবার ষষ্ঠী সায়ং ৬/৪৩ মিঃ, মঘা রাত্রি ২/০৭ মিঃ। শ্রীচৈতন্যদাস বাবা (ইমলীতলা, গোবর্ধন) তিরোঃ মহোঃ।

৩০ জ্যৈষ্ঠ ১৩ জুন বৃহস্পতিবার সপ্তমী রাত্রি ৮/২৭ মিঃ, পূর্বফাল্গুনী রাত্রি ৪/৩৩ মিঃ। মহান্ত শ্রীসনাতন দাস বাবা (শ্রীরাধাগোবিন্দ মন্দির, গোবর্ধন) তিরোঃ মহোঃ।

৩১ জ্যৈষ্ঠ ১৪ জুন শুক্রবার অষ্টমী রাত্রি ১০/২৫, উত্তরফাল্গুনী অহোরাত্র। শ্রীজগন্নাথদাস বাবা (পুছরী) তিরোঃ মহোঃ।

৩২ জ্যৈষ্ঠ ১৫ জুন শনিবার নবমী রাত্রি ১২/২৭ মিঃ ,উত্তরফাল্গুনী প্রাতঃ ৭/০৯ মিঃ। **মিথুন সংক্রান্তি।**

আষাঢ় মাস ৩১ দিন (শ্রীবামন)

১ আষাঢ় ১৬ জুন রবিবার শ্রীগঙ্গাদশহরা রাত্রি ২/১৯ মিঃ, হস্তা দিবা ৯/৪৩ মিঃ। শ্রীগঙ্গামাতা গোস্বামীনীর আবির্ভাব, শ্রীবলদেব বিদ্যাভূষণপাদ, শ্রীরঘুবীর দাস বাবা (ঘড়ী, হোড়ল) তিরোঃ মহোঃ।

২ আষাঢ় ১৭ জুন সোমবার ব্রত, **শ্রীনির্জ্জলা একাদশী** (বঙ্গে বঞ্জুলী মহাদ্বাদশী ব্রত) রাত্রি ৩/৫৬ মিঃ, চিত্রা দিবা ১২/০৮ মিঃ। মঙ্গলবার ব্রজে ১০/৪৫ মিঃ গতে হরিবাসরান্তে পারণ। সূর্যোদয়- মথুরা- ৫/২৮ মিঃ।

৩ আষাঢ় ১৮ জুন মঙ্গলবার দ্বাদশী **(বঙ্গে ব্রত)** শেষরাত্রি ৫/১০ মিঃ, স্বাতী দিবা ২/২৪ মিঃ। বঙ্গে বুধবার ৫/৫৩ মিঃ মধ্যে পারণ। সূর্যোদয়- কলকাতা- ৪/৫৫ মিঃ। শ্রীসত্যহরিদাস বাবা (যতিপুরা) তিরোঃ মহোঃ।

৪ আষাঢ় ১৯ জুন বুধবার ত্রয়োদশী অহোরাত্র, বিশাখা দিবা ৪/০৭ মিঃ।

৫ আষাঢ় ২০ জুন বৃহস্পতিবার ত্রয়োদশী প্রাতঃ ৫/৫৬ মিঃ, অনুরাধা সায়ং ৫/২০ মিঃ। **শ্রীল রঘুনাথদাস গোস্বামীর দণ্ড মহোৎসব।**

৬ আষাঢ় ২১ জুন শুক্রবার চতুর্দ্দশী প্রাতঃ ৬/১২ মিঃ, জ্যেষ্ঠা সায়ং ৬/০৪ মিঃ। শ্রীঈশান দাস বাবা (দলোতা), মহান্ত শ্রীগোপাল দাস বাবা, (অলালপুর, হরিয়াণা ও শ্যামকুটি গোবর্ধন) তিরোঃ মহোঃ।

৭ আষাঢ় ২২ জুন শনিবার পূর্ণিমা প্রাতঃ ৫/৫৭ মিঃ পশচাৎ প্রতিপদ শেষরাত্রি ৪/৩৭ মিঃ, মূলা সায়ং ৬/১৯ মিঃ। **শ্রীশ্রী জগন্নাথদেবের স্নানযাত্রা।**

আষাঢ় কৃষ্ণপক্ষ

৮ আষাঢ় ২৩ জুন রবিবার দ্বিতীয়া শেষরাত্রি ৪/০৭ মিঃ, পূর্বাষাঢ়া সায়ং ৬/০৬ মিঃ। শ্রীল শ্যামানন্দ প্রভু তিরোঃ মহোঃ।

৯ আষাঢ় ২৪ জুন সোমবার তৃতীয়া রাত্রি ২/৩৪ মিঃ, উত্তরাষাঢ়া সায়ং ৫/৫২ মিঃ। সিদ্ধ শ্রীল নিত্যানন্দ দাস বাবা (মদনমোহনঠোর, বৃন্দাবন), শ্রীল প্রাণগোপাল গোস্বামী (নবদ্বীপ) ও শ্রীলদেবকীনন্দন গোস্বামী (বৃন্দাবন) তিরোঃ মহোঃ।

১০ আষাঢ় ২৫ জুন মঙ্গলবার চতুর্থী রাত্রি ১২/৪১ মিঃ, শ্রবণা দিবা ৪/২৯ মিঃ।

শ্রীগোবিন্দ দাস বাবা (ভানুখোর বর্ষাণা) তিরোঃ মহোঃ।
১১ আষাঢ় ২৬ জুন বুধবার পঞ্চমী রাত্রি ১০/৩২ মিঃ, ধনিষ্ঠা দিবা ৩/১২ মিঃ।
১২ আষাঢ় ২৭ জুন বৃহস্পতিবার ষষ্ঠী রাত্রি ৮/১২ মিঃ, শতভিষা দিবা ১/৪১ মিঃ।
১৩ আষাঢ় ২৮ জুন শুক্রবার সপ্তমী সায়ং ৫/৪৪ মিঃ, পূর্বভাদ্রপদ দিবা ১২/০২ মিঃ।
১৪ আষাঢ় ২৯ জুন শনিবার অষ্টমী দিবা ৩/১২ মিঃ, উত্তরভাদ্রপদ দিবা ১০/২২ মিঃ। মহান্ত শ্রীগৌরগোবিন্দ দাস বাবা (উপর মন্দির) তিরোঃ মহোঃ।
১৫ আষাঢ় ৩০ জুন রবিবার নবমী দিবা ১/০৭ মিঃ, রেবতী দিবা ৮/৪৪ মিঃ। মহান্ত শ্রীমনোহর দাস বাবা (মহাপ্রভু মন্দির, গোবর্ধন) তিরোঃ মহোঃ।
১৬ আষাঢ় ১ জুলাই সোমবার দশমী দিবা ১০/৩২ মিঃ, অশ্বিনী প্রাতঃ ৭/০৩ পশ্চাৎ ভরণী শেষরাত্রি ৪/০৯ মিঃ।
১৭ আষাঢ় ২ জুলাই মঙ্গলবার ব্রত, **শ্রীযোগিনী একাদশী** দিবা ৮/২৮ মিঃ, কৃত্তিকা রাত্রি ৪/৪৬ মিঃ। বুধবার ৬/৩৮ মিঃ মধ্যে পারণ। সূর্যোদয়- মথুরা- ৫/৩৩ মিঃ, কলকাতা- ৫/০০ মিঃ।
১৮ আষাঢ় ৩ জুলাই বুধবার দ্বাদশী প্রাতঃ ৬/৩৮ মিঃ পশ্চাৎ ত্রয়োদশী শেষরাত্রি ৫/১০ মিঃ। রোহিণী রাত্রি ৪/০৭ মিঃ। শ্রীগোবর্ধন দাস (মন্তুমুরা, বাঁকুরা) তিরোঃ মহোঃ।
১৯ আষাঢ় ৪ জুলাই বৃহস্পতিবার চতুর্দ্দশী রাত্রি ৪/০৪ মিঃ, মৃগশিরা রাত্রি ৩/৪৮ মিঃ। পুরীতে উড়িয়া গৌড়ীয়া মিলন।
২০ আষাঢ় ৫ জুলাই শুক্রবার অমাবস্যা রাত্রি ৩/২৮ মিঃ, আর্দ্রা রাত্রি ৩/৫৬ মিঃ। শ্রীরাধাকান্ত মঠে ঝালী সমর্পণ, পুরী।

আষাঢ় শুক্লপক্ষ

২১ আষাঢ় ৬ জুলাই শনিবার প্রতিপদ রাত্রি ৩/২২ মিঃ, পুনর্বসু রাত্রি ৪/৩৪ মিঃ। **শ্রীগুণ্ডিচা মন্দির মার্জ্জন।** শ্রীজগন্নাথের নবযৌবন দর্শন।
২২ আষাঢ় ৭ জুলাই রবিবার দ্বিতীয়া রাত্রি ৩/৪৬ মিঃ, পূষ্যা অহোরাত্র। **শ্রীশ্রী জগন্নাথদেবের রথযাত্রা।** শ্রীস্বরূপ দামোদর, শ্রীসেন শিবানন্দ, শ্রীবৃন্দাবনদাস গোস্বামী (কালিয়াগঞ্জ, উত্তর দিনাজপুর) তিরোঃ মহোঃ।

২৩ আষাঢ় ৮ জুলাই সোমবার তৃতীয়া শেষরাত্রি ৪/৪০ মিঃ,পূষ্যা প্রাতঃ ৫/৪২ মিঃ। মহান্ত শ্রীনরোত্তম দাস বাবা (ঘোটাকুঞ্জ বৃন্দাবন), শ্রীরাধারমণ গোস্বামী (বাড়ৈগ্রাম, আসাম) তিরোঃ মহোঃ।

২৪ আষাঢ় ৯ জুলাই মঙ্গলবার চতুর্থী অহোরাত্র, অশ্লেষা দিবা ৭/১৯ মিঃ। মহান্ত শ্রীঅচ্যুতানন্দ দাস বাবা (পাথরপুরা, বৃন্দাবন) তিরোঃ মহোঃ।

২৫ আষাঢ় ১০ জুলাই বুধবার চতুর্থী প্রাতঃ ৫/৫৯ মিঃ, মঘা দিবা ৯/২০ মিঃ।

২৬ আষাঢ় ১১ জুলাই বৃহস্পতিবার পঞ্চমী দিবা ৭/৪২ মিঃ, পূর্বফাল্গুনী দিবা ১১/৪১ মিঃ।

২৭ আষাঢ় ১২ জুলাই শুক্রবার ষষ্ঠী (উৎকলে শ্রীহোড়া দিবা ৯/৩৭ মিঃ, উত্তরফাল্গুনী দিবা ২/১৫ মিঃ। শ্রীবক্রেশ্বর পণ্ডিত, সিদ্ধ শ্রীজগদীশ বাবা (কালীদহ, বৃন্দাবন), শ্রীগোপাল দাস বাবা (যতিপুরা) তিরোঃ মহোঃ।

২৮ আষাঢ় ১৩ জুলাই শনিবার সপ্তমী দিবা ১১/৩৬ মিঃ, হস্তা অপরাহ্ণ ৪/৫২ মিঃ।

২৯ আষাঢ় ১৪ জুলাই রবিবার অষ্টমী দিবা ১/৩৭ মিঃ, চিত্রা সায়ং ৭/২২ মিঃ।

৩০ আষাঢ় ১৫ জুলাই সোমবার নবমী দিবা ৩/১৬ মিঃ, স্বাতী রাত্রি ৯/৩১ মিঃ।

৩১ আষাঢ় ১৬ জুলাই মঙ্গলবার দশমী দিবা ৪/৩৩ মিঃ, বিশাখা রাত্রি ১১/২২ মিঃ। **কর্কট সংক্রান্তি।**

শ্রাবণ মাস ৩২ দিন (শ্রীধর)

১ শ্রাবণ ১৭ জুলাই বুধবার ব্রত, শ্রীহরিশয়নী একাদশী অপরাহ্ণ ৫/২১ মিঃ, অনুরাধা রাত্রি ১২/৪৩ মিঃ। বৃহস্পতিবার দিবা ৯/৩০ মিঃ মধ্যে পারণ। **চাতুর্ম্মাস্য ব্রতারম্ভ।** সূর্যোদয়- মথুরা ৫/৩৯ মিঃ, কলকাতা- ৫/০৫ মিঃ।

২ শ্রাবণ ১৮ জুলাই বৃহস্পতিবার দ্বাদশী অপরাহ্ণ ৫/৪০ মিঃ, জ্যেষ্ঠা রাত্রি ১/৩৪ মিঃ।

৩ শ্রাবণ ১৯ জুলাই শুক্রবার ত্রয়োদশী অপরাহ্ণ ৫/৩২ মিঃ, মূলা রাত্রি ১/৫৯ মিঃ। শ্রীলক্ষ্মীনারায়ণ দাস বাবা (খায়রা) তিরোঃ মহোঃ।

৪ শ্রাবণ ২০ জুলাই শনিবার চতুর্দশী অপরাহ্ণ ৪/৫৯ মিঃ, পূর্বাষাঢ়া রাত্রি ১/৪৯ মিঃ।

৫ শ্রাবণ ২১ জুলাই রবিবার **শ্রীশ্রীগুরুপূর্ণিমা** দিবা ৩/৪১ মিঃ, উত্তরাষাঢ়া রাত্রি ১/১৭ মিঃ। **শ্রীশ্রীগুরুপূজা, শ্রীলসনাতন গোস্বামীপাদ তিরোঃ মহোঃ।** অপরাহ্ণ ৪ টায় সূচক কীর্ত্তনান্তে মূড়িয়া কীর্ত্তনসহ মানসীগঙ্গা পরিক্রমা

শ্রীমহাপ্রভুমন্দির চকলেশ্বর গোবর্ধন এবং শ্রীমদনমোহন মন্দির বৃন্দাবন।
শ্রীমদনমোহন দাস বাবা (আনোর ও বর্ষাণা) তিরোঃ মহোঃ।

শ্রাবণ কৃষ্ণপক্ষ

৬ শ্রাবণ ২২ জুলাই সোমবার প্রতিপদ দিবা ২/১০ মিঃ, শ্রবণা রাত্রি ১২/২৪ মিঃ।
শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদ তিরোঃ মহোঃ।
৭ শ্রাবণ ২৩ জুলাই মঙ্গলবার দ্বিতীয়া দিবা ১২/১৭ মিঃ,ধনিষ্ঠা রাত্রি ১১/১১ মিঃ।
৮ শ্রাবণ ২৪ জুলাই বুধবার তৃতীয়া দিবা ১০/০৩ মিঃ, শতভিষা রাত্রি ৯/৪৫ মিঃ।
৯ শ্রাবণ ২৫ জুলাই বৃহস্পতিবার চতুর্থী প্রাতঃ ৭/৪৪ মিঃ, পশ্চাৎ পঞ্চমী শেষরাত্রি ৫/০৯ মিঃ, পূর্বভাদ্রপদ রাত্রি ৮/০৯ মিঃ। **শ্রীগোপাল ভট্ট গোস্বামীপাদ,** মহান্ত শ্রীসুবল দাস বাবা (মহাপ্রভু মন্দির গোবর্ধন) তিরোঃ মহোঃ।
১০ শ্রাবণ ২৬ জুলাই শুক্রবার ষষ্ঠী রাত্রি ৩/০৪ মিঃ, উত্তরভাদ্রপদ সায়ং ৬/২৯ মিঃ।
১১ শ্রাবণ ২৭ জুলাই শনিবার সপ্তমী রাত্রি ১২/২৪ মিঃ, রেবতী দিবা ৪/৪৮ মিঃ।
১২ শ্রাবণ ২৮ জুলাই রবিবার অষ্টমী রাত্রি ১০/০৫ মিঃ, অশ্বিনী দিবা ৩/০৩ মিঃ।
শ্রীলোকনাথ গোস্বামীপাদ (উমরায়া) তিরোঃ মহোঃ।
১৩ শ্রাবণ ২৯ জুলাই সোমবার নবমী রাত্রি ৭/৫৭ মিঃ, ভরণী দিবা ১/৪৭ মিঃ।
১৪ শ্রাবণ ৩০ জুলাই মঙ্গলবার দশমী সায়ং ৬/০৬ মিঃ, কৃত্তিকা দিবা ১২/৩৮ মিঃ।
১৫ শ্রাবণ ৩১ জুলাই বুধবার ব্রত, শ্রীকামিকা একাদশী দিবা ৪/৩৪ মিঃ, রোহিণী দিবা ১১/৪৮ মিঃ। বৃহস্পতিবার দিবা ৯/৩০ মিঃ মধ্যে পারণ। সূর্যোদয়- মথুরা- ৫/৪৭ মিঃ, কলকাতা- ৫/১১ মিঃ।
১৬ শ্রাবণ ১ আগষ্ট বৃহস্পতিবার দ্বাদশী দিবা ৩/২৫ মিঃ, মৃগশিরা দিবা ১১/২৩ মিঃ।
১৭ শ্রাবণ ২ আগষ্ট শুক্রবার ত্রয়োদশী দিবা ২/৪৯ মিঃ, আর্দ্রা দিবা ১১/২৩ মিঃ।
১৮ শ্রাবণ ৩ আগষ্ট শনিবার চতুর্দ্দশী দিবা ২/৪১ মিঃ, পুনর্বসু দিবা ১১/৫২ মিঃ।
মহান্ত শ্রীবৈষ্ণবচরণ দাস বাবা (কেশীঘাট ঠোর) তিরোঃ মহোঃ।
১৯ শ্রাবণ ৪ আগষ্ট রবিবার অমাবস্যা দিবা ৩/০৪ মিঃ, পূষ্যা দিবা ১২/৫৯ মিঃ।

শ্রাবণ শুক্লপক্ষ

২০ শ্রাবণ ৫ আগষ্ট সোমবার প্রতিপদ দিবা ৩/৫৯ মিঃ, অশ্লেষা দিবা ২/০৩ মিঃ।

২১ শ্রাবণ ৬ আগষ্ট মঙ্গলবার দ্বিতীয়া দিবা ৫/২২ মিঃ, মঘা দিবা ৪/৩২ মিঃ।

২২ শ্রাবণ ৭ আগষ্ট বুধবার তৃতীয়া সায়ং ৭/০০ মিঃ, পূর্বফাল্গুনী সায়ং ৬/৪৮ মিঃ। **ব্রজে শ্রীশ্রীরাধাকৃষ্ণের ঝুলন যাত্রারম্ভ।**

২৩ শ্রাবণ ৮ আগষ্ট বৃহস্পতিবার চতুর্থী রাত্রি ৯/০২ মিঃ, উত্তরফাল্গুনী রাত্রি ৯/২৪ মিঃ।

২৪ শ্রাবণ ৯ আগষ্ট শুক্রবার পঞ্চমী রাত্রি ১১/০৪ মিঃ, হস্তা রাত্রি ১২/০৩ মিঃ।

২৫ শ্রাবণ ১০ আগষ্ট শনিবার ষষ্ঠী রাত্রি ১/০৭ মিঃ, চিত্রা রাত্রি ২/৩৫ মিঃ।

২৬ শ্রাবণ ১১ আগষ্ট রবিবার সপ্তমী রাত্রি ২/৪১ মিঃ, স্বাতী শেষরাত্রি ৪/৫০ মিঃ।

২৭ শ্রাবণ ১২ আগষ্ট সোমবার অষ্টমী রাত্রি ৪/০০ মিঃ, বিশাখা অহোরাত্র।

২৮ শ্রাবণ ১৩ আগষ্ট মঙ্গলবার নবমী রাত্রি ৪/৫২ মিঃ, বিশাখা প্রাতঃ ৬/৪৪ মিঃ। শ্রীরঘুনাথ দাস বাবা (রাধারমণ বাগীচা, রমণরেতী বৃন্দাবন), শ্রীশ্যামারমণ দাস বাবা (গোবর্ধন) তিরোঃ মহোঃ।

২৯ শ্রাবণ ১৪ আগষ্ট বুধবার দশমী শেষরাত্রি ৫/১০ মিঃ, অনুরাধা দিবা ৮/১২ মিঃ।

৩০ শ্রাবণ ১৫ আগষ্ট বৃহস্পতিবার শ্রীপবিত্রা একাদশী (দশমী বিদ্ধা) শেষরাত্রি ৫/০৭ মিঃ, জ্যেষ্ঠা দিবা ৯/১৫ মিঃ।

৩১ শ্রাবণ ১৬ আগষ্ট শুক্রবার ব্রত, দ্বাদশী রাত্রি ৪/২৯ মিঃ, মূলা দিবা ৯/৪১ মিঃ। **শ্রীকৃষ্ণের পবিত্রার্পণ।** শনিবার শনিবার ব্রজে দিবা ৯/৩০ মিঃ মধ্যে, বঙ্গে প্রাতঃ ৫/১৯ মিঃ মধ্যে পারণ। সূর্যোদয়- মথুরা- ৫/৫৫ মিঃ, কলকাতা-৫/১৭ মিঃ।

৩২ শ্রাবণ ১৭ আগষ্ট শনিবার ত্রয়োদশী রাত্রি ৩/২৬ মিঃ, পূর্বাষাঢ়া দিবা ৯/৪০ মিঃ। **শ্রীল রূপগোস্বামীপাদ এবং শ্রীল গৌরীদাস পণ্ডিত, সিদ্ধ শ্রীল মনোহর দাস বাবা (গোবিন্দকুণ্ড),** শ্রীগৌরকিশোর দাস বাবা (বৃন্দাবন) তিরোঃ মহোঃ। **সিংহ সংক্রান্তি।**

ভাদ্রমাস ৩১ দিন (শ্রীহৃষিকেশ)

১ ভাদ্র ১৮ আগষ্ট রবিবার চতুর্দ্দশী রাত্রি ১/৫৮ মিঃ, উত্তরাষাঢ়া দিবা ৯/১৫ মিঃ। শ্রীঅদ্বৈত দাস বাবা (বিষ্ণুপুর, বাঁকুড়া) তিরোঃ মহোঃ।

২ ভাদ্র ১৯ আগষ্ট সোমবার **রাখিপূর্ণিমা** রাত্রি ১২/০৯ মিঃ, শ্রবণা দিবা ৭/৩৬

মিঃ। **রক্ষাবন্ধন। শ্রীশ্রী রাধাকৃষ্ণের ঝুলন যাত্রা সমাপ্ত।** শ্রীশ্রীবলদেব জীউর জয়ন্তী।

ভাদ্র কৃষ্ণপক্ষ

৩ ভাদ্র ২০ আগষ্ট মঙ্গলবার প্রতিপদ রাত্রি ১০/০৪ মিঃ, ধনিষ্ঠা দিবা ৭/১৮ মিঃ।

৪ ভাদ্র ২১ আগষ্ট বুধবার দ্বিতীয়া রাত্রি ৭/৪৭ মিঃ, শতভিষা প্রাতঃ ৫/৫৬ মিঃ পশ্চাৎ পূর্বভাদ্রপদ শেষরাত্রি ৪/২২ মিঃ।

৫ ভাদ্র ২২ আগষ্ট বৃহস্পতিবার তৃতীয়া সায়ং ৫/২১ মিঃ, উত্তরভাদ্রপদ রাত্রি ২/৪২ মিঃ।

৬ ভাদ্র ২৩ আগষ্ট শুক্রবার চতুর্থী দিবা ২/৫২ মিঃ, রেবতী রাত্রি ১/০৩ মিঃ।

৭ ভাদ্র ২৪ আগষ্ট শনিবার পঞ্চমী দিবা ১২/২৩ মিঃ, অশ্বিনী রাত্রি ১১/২৭ মিঃ। মহান্ত শ্রীহৃদয়ানন্দ দাস বাবা (শ্যামাকিশোরী কুঞ্জ, দামোদর ঘেরা, বৃন্দাবন) তিরোঃ মহোঃ।

৮ ভাদ্র ২৫ আগষ্ট রবিবার ষষ্ঠী দিবা ১০/১৩ মিঃ, ভরণী রাত্রি ১০/০১ মিঃ। শ্রীরাধাকৃষ্ণ দাস বাবা (শ্রীশ্যামসুন্দরমন্দির) ও শ্রীঅবনীকুমার গোস্বামী (মহাপ্রভু মন্দির, গোবর্ধন) তিরোঃ মহোঃ।

৯ ভাদ্র ২৬ আগষ্ট সোমবার সপ্তমী দিবা ৮/০৮ মিঃ, কৃত্তিকা রাত্রি ৮/৫০ মিঃ।

১০ ভাদ্র ২৭ আগষ্ট মঙ্গলবার ব্রত, **শ্রীকৃষ্ণজন্মাষ্টমী** প্রাতঃ ৬/১৯ মিঃ পশ্চাৎ নবমী শেষরাত্রি ৪/৪৯ মিঃ, রোহিণী রাত্রি ৭/৫৭ মিঃ। মধ্যরাত্রে অভিষেক। বুধবার ব্রজে দিবা ৯/৩০ মিঃ মধ্যে, বঙ্গে প্রাতঃ ৫/২৩ মিঃ মধ্যে পারণ। সূর্যোদয়- মথুরা- ৬/০০ মিঃ, কলকাতা- ৫/২০ মিঃ।

১১ ভাদ্র ২৮ আগষ্ট বুধবার দশমী রাত্রি ৩/৪১ মিঃ, মৃগশিরা সায়ং ৭/২৩ মিঃ। মহান্ত শ্রীহরিমোহন দাস বাবা (সিদ্ধবাবা আশ্রম গোবর্ধন) তিরোঃ মহোঃ।

১২ ভাদ্র ২৯ আগষ্ট বৃহস্পতিবার ব্রত, **শ্রীঅজা একাদশী** (বঙ্গে শ্রীপক্ষবর্দ্ধিনী মহাদ্বাদশী ব্রত) রাত্রি ৩/০৬ মিঃ, আর্দ্রা সায়ং ৭/২১ মিঃ। শুক্রবার ব্রজে ৯/৪৬ মিঃ গতে হরিবাসরান্তে পারণ। সূর্যোদয়- মথুরা- ৬/০১ মিঃ।

১৩ ভাদ্র ৩০ আগষ্ট শুক্রবার দ্বাদশী **(বঙ্গে ব্রত)** রাত্রি ২/৫৮ মিঃ, পুনর্বসু রাত্রি ৭/০৪ মিঃ। বঙ্গে শনিবার দিবা ৯/৩০ মিঃ মধ্যে পারণ।

সূর্যোদয়- কলকাতা- ৫/২১ মিঃ। শ্রীগদাধর ভট্ট গোস্বামী তিরোঃ মহোঃ। শ্রীধাম বৃন্দাবন প্রাচীন শ্রীমদনমোহন (উপর মন্দির) হইতে প্রতি বৎসর চেরাশীক্রোশ ব্রজমণ্ডল পরিক্রমা বাহির হয়।

১৪ ভাদ্র ৩১ আগষ্ট শনিবার ত্রয়োদশী রাত্রি ৩/২০ মিঃ, পুষ্যা রাত্রি ৮/৪১ মিঃ।

১৫ ভাদ্র ১ সেপ্টেম্বর রবিবার চতুর্দ্দশী শেষরাত্রি ৪/১৩ মিঃ, অশ্লেষা রাত্রি ১০/০৬ মিঃ।

১৬ ভাদ্র ২ সেপ্টেম্বর সোমবার অমাবস্যা শেষরাত্রি ৫/৩৫ মিঃ, মঘা রাত্রি ১১/৫৯ মিঃ।

ভাদ্র শুক্লপক্ষ

১৭ ভাদ্র ৩ সেপ্টেম্বর মঙ্গলবার প্রতিপদ অহোরাত্র, পূর্বফাল্গুনী রাত্রি ২/১৪ মিঃ। শ্রীনন্দকিশোর দাস বাবা (সিদ্ধবাবা আশ্রম, গোবর্ধন) তিরোঃ মহোঃ।

১৮ ভাদ্র ৪ সেপ্টেম্বর বুধবার প্রতিপদ প্রাতঃ ৭/১৬ মিঃ, উত্তরফাল্গুনী রাত্রি ৪/৪২ মিঃ।

১৯ ভাদ্র ৫ সেপ্টেম্বর বৃহস্পতিবার দ্বিতীয়া দিবা ৯/১৩ মিঃ, হস্তা অহোরাত্র।

২০ ভাদ্র ৬ সেপ্টেম্বর শুক্রবার তৃতীয়া দিবা ১১/১৮ মিঃ, হস্তা দিবা ৭/২১ মিঃ।

২১ ভাদ্র ৭ সেপ্টেম্বর শনিবার চতুর্থী দিবা ১/২২ মিঃ, চিত্রা দিবা ৯/৫৪ মিঃ। শ্রীকৃষ্ণগোবিন্দ দাস বাবা (ভাগবত নিবাস) তিরোঃ মহোঃ।

২২ ভাদ্র ৮ সেপ্টেম্বর রবিবার পঞ্চমী দিবা ৩/০৭ মিঃ, স্বাতী দিবা ১২/১৪ মিঃ।

২৩ ভাদ্র ৯ সেপ্টেম্বর সোমবার ষষ্ঠী দিবা ৪/৩০ মিঃ, বিশাখা দিবা ২/২৪ মিঃ। **শ্রীবলদেব জীউর জয়ন্তী দাউজী।** শ্রী উদ্ধারণ দাস বাবা (ভাগবত নিবাস) তিরোঃ মহোঃ।

২৪ ভাদ্র ১০ সেপ্টেম্বর মঙ্গলবার শ্রীললিতা সপ্তমী অপরাহ্ন ৫/২৬ মিঃ, অনুরাধা দিবা ৪/২৯ মিঃ।

২৫ ভাদ্র ১১ সেপ্টেম্বর বুধবার ব্রত, **শ্রীশ্রীরাধাষ্টমী** অপরাহ্ন ৫/৫১ মিঃ, জেষ্ঠ্যা দিবা ৫/০৩ মিঃ। মধ্যাহ্নে অভিষেক। বৃহস্পতিবার দিবা ৯/৩০ মিঃ মধ্যে পারণ। সূর্যোদয়- মথুরা- ৬/০৭ মিঃ, কলকাতা-৫/২৫ মিঃ।

২৬ ভাদ্র ১২ সেপ্টেম্বর বৃহস্পতিবার নবমী সায়ং ৫/৪৬ মিঃ, মূলা সায়ং ৫/৩৯ মিঃ। শ্রীযদুনন্দন দাস বাবা (ভাগবত নিবাস, বৃন্দাবন) তিরোঃ মহোঃ।

২৭ ভাদ্র ১৩ সেপ্টেম্বর শুক্রবার দশমী দিবা ৫/১২ মিঃ, পূর্বাষাঢ়া সায়ং

৫/৪৬ মিঃ। মহান্ত শ্রীললিতাদাস বাবা (শ্রীরাধাগোবিন্দ মন্দির, গোবর্ধন) তিরোঃ মহোঃ।

২৮ ভাদ্র ১৪ সেপ্টেম্বর শনিবার শ্রীপদ্মা (পার্শ্ব) একাদশী দিবা ৪/১০ মিঃ, উত্তরাষাঢ়া সায়ং ৫/২৫ মিঃ। **শ্রীহরির পার্শ্ব পরিবর্তন।**

২৯ ভাদ্র ১৫ সেপ্টেম্বর রবিবার ব্রত, **শ্রীবামন, (বিজয়া) মহাদ্বাদশী** দিবা ২/৪৪ মিঃ, শ্রবণা দিবা ৪/৪০ মিঃ। **মধ্যাহ্নে শ্রীবামনদেবের অভিষেক।** সোমবার দিবা ৯/৩০ মিঃ মধ্যে পারণ। সূর্যোদয়- মথুরা- ৬/০৯ মিঃ, কলকাতা- ৫/২৬ মিঃ।

৩০ ভাদ্র ১৬ সেপ্টেম্বর সোমবার ত্রয়োদশী দিবা ১২/৫৭ মিঃ, ধনিষ্ঠা দিবা ৩/৩৬ মিঃ।

৩১ ভাদ্র ১৭ সেপ্টেম্বর মঙ্গলবার শ্রীঅনন্ত চতুর্দ্দশী দিবা ১০/৪৭ মিঃ, শতভিষা দিবা ২/১৫ মিঃ। **শ্রীনামাচার্য্য শ্রীহরিদাস ঠাকুর ও শ্রীকবিকর্ণপুর গোস্বামী,** শ্রীরাসগৌর ঘোষাল (আলমবাজার, শ্রীরাধাগোবিন্দ মন্দির কলকাতা) তিরোঃ মহোঃ। **কন্যা সংক্রান্তি।**

আশ্বিন মাস ৩০ দিন (শ্রীপদ্মনাভ)

১ আশ্বিন ১৮ সেপ্টেম্বর বুধবার পূর্ণিমা দিবা ৮/৩১ মিঃ, পূর্বভাদ্রপদ দিবা ১২/৪১ মিঃ। **শ্রীশ্রীমদ্ভাগবত জয়ন্তী।** শ্রীহরিগোবিন্দ দাস বাবা (হরিপুরা, গোবর্ধন) তিরোঃ মহোঃ। **খণ্ডগ্রাস চন্দ্রগ্রহণ অদৃশ্য।**

আশ্বিন কৃষ্ণপক্ষ

২ আশ্বিন ১৯ সেপ্টেম্বর বৃহস্পতিবার প্রতিপদ প্রাতঃ ৭/০৯ মিঃ পশ্চাৎ দ্বিতীয়া শেষরাত্রি ৫/০৭ মিঃ, উত্তরভাদ্রপদ দিবা ১১/০২ মিঃ।

৩ আশ্বিন ২০ সেপ্টেম্বর শুক্রবার তৃতীয়া রাত্রি ১/২৫ মিঃ, রেবতী দিবা ৯/২৩ মিঃ।

৪ আশ্বিন ২১ সেপ্টেম্বর শনিবার চতুর্থী রাত্রি ১১/০৩ মিঃ, অশ্বিনী দিবা ৭/৪৭ মিঃ। **সিদ্ধ শ্রীল রামকৃষ্ণ দাস পণ্ডিত বাবা** (ভাগবত নিবাস, বৃন্দাবন) তিরোঃ মহোঃ।

৫ আশ্বিন ২২ সেপ্টেম্বর রবিবার পঞ্চমী রাত্রি ৮/৫৭ মিঃ, ভরণী প্রাতঃ ৬/১৯ মিঃ পশ্চাৎ কৃত্তিকা শেষরাত্রি ৫/০৪ মিঃ।

৬ আশ্বিন ২৩ সেপ্টেম্বর সোমবার ষষ্ঠী রাত্রি ৭/০৮ মিঃ, রোহিণী রাত্রি ৪/০৭ মিঃ।
৭ আশ্বিন ২৪ সেপ্টেম্বর মঙ্গলবার সপ্তমী সায়ং ৫/৩৩ মিঃ, মৃগশিরা রাত্রি ৩/২৫ মিঃ।
৮ আশ্বিন ২৫ সেপ্টেম্বর বুধবার অষ্টমী দিবা ৪/৩২ মিঃ, আর্দ্রা রাত্রি ৩/২১ মিঃ।
৯ আশ্বিন ২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার নবমী দিবা ৩/৫৫ মিঃ, পুনর্বসু রাত্রি ৩/৩৯ মিঃ।
১০ আশ্বিন ২৭ সেপ্টেম্বর শুক্রবার দশমী দিবা ৩/৪৯ মিঃ, পূষ্যা রাত্রি ৪/২৭ মিঃ।
১১ আশ্বিন ২৮ সেপ্টেম্বর শনিবার ব্রত, **শ্রীইন্দিরা একাদশী** দিবা ৪/১৫ মিঃ, অশ্লেষা শেষরাত্রি ৫/৫৩ মিঃ। রবিবার দিবা ৯/৩০ মিঃ মধ্যে পারণ। সূর্যোদয়- মথুরা- ৬/১৪ মিঃ, কলকাতা- ৫/৩১ মিঃ।
১২ আশ্বিন ২৯ সেপ্টেম্বর রবিবার দ্বাদশী সায়ং ৫/১১ মিঃ, মঘা অহোরাত্র। পণ্ডিত শ্রীহরিদাস দাস বাবা (হরিবোল কুটির, নবদ্বীপ) ও মহান্ত শ্রীজগদানন্দ দাস বাবা (শ্রীরাধাগোবিন্দ মন্দির, গোবর্ধন) তিরোঃ মহোঃ।
১৩ আশ্বিন ৩০ সেপ্টেম্বর সোমবার ত্রয়োদশী সায়ং ৬/৩৫ মিঃ, মঘা প্রাতঃ ৭/৩০ মিঃ।
১৪ আশ্বিন ১ অক্টোবর মঙ্গলবার চতুর্দ্দশী রাত্রি ৮/২২ মিঃ, পূর্বফাল্গুনী দিবা ৯/৪৯ মিঃ। মহান্ত শ্রীরামগোপাল দাস বাবা (ভাগবত নিবাস, বৃন্দাবন) তিরোঃ মহোঃ।
১৫ আশ্বিন ২ অক্টোবর বুধবার অমাবস্যা রাত্রি ১০/২৩ মিঃ, উত্তরফাল্গুনী দিবা ১২/০৬ মিঃ। শ্রীকুঞ্জবিহারী দাস বাবা (পূছরি) তিরোঃ মহোঃ। **সূর্য্যগ্রহণ অদৃশ্য।**

আশ্বিন শুক্লপক্ষ

১৬ আশ্বিন ৩ অক্টোবর বৃহস্পতিবার প্রতিপদ রাত্রি ১২/২৯ মিঃ, হস্তা দিবা ২/৪২ মিঃ।
১৭ আশ্বিন ৪ অক্টোবর শুক্রবার দ্বিতীয়া রাত্রি ২/৩০ মিঃ, চিত্রা সায়ং ৫/১৯ মিঃ। শ্রীনরহরি দাস বাবা (কালিদহ), শ্রীরাসবিহারী দাস বাবা (আড়িং) ও শ্রীঅনন্ত দাস বাবা (কেশীঘাট) তিরোঃ মহোঃ।
১৮ আশ্বিন ৫ অক্টোবর শনিবার তৃতীয়া রাত্রি ৪/১৭ মিঃ, স্বাতী রাত্রি ৭/৫৪ মিঃ। পণ্ডিত শ্রীজগদানন্দ দাস বাবা (রাধাকুণ্ড) তিরোঃ মহোঃ।
১৯ আশ্বিন ৬ অক্টোবর রবিবার চতুর্থী শেষরাত্রি ৫/৪২ মিঃ, বিশাখা রাত্রি ৯/৪৯

মিঃ। **সিদ্ধ শ্রীল কৃষ্ণদাস বাবা (গোবর্ধন) তিরোঃ মহোঃ।**

২০ আশ্বিন ৭ অক্টোবর সোমবার পঞ্চমী অহোরাত্র। অশ্বিনী রাত্রি ১১/৩১ মিঃ। শ্রীবিনোদ বিহারী দাস বাবা (কালিদহ) তিরোঃ মহোঃ।

২১ আশ্বিন ৮ অক্টোবর মঙ্গলবার পঞ্চমী প্রাতঃ ৬/৪০ মিঃ, জ্যেষ্ঠা রাত্রি ১২/৪২ মিঃ।

২২ আশ্বিন ৯ অক্টোবর বুধবার ষষ্ঠী প্রাতঃ ৭/০৭ মিঃ, মূলা রাত্রি ১/২৪ মিঃ। শ্রীবৃন্দাবন দাস বাবা (মন্তমূঢ়া,নতুনমন্দির,গোবর্ধন) ও শ্রীহরিদাস বাবা (শ্রীজগন্নাথ সেবাশ্রম, চান্দুরা, লামডীং আসাম) তিরোঃ মহোঃ।

২৩ আশ্বিন ১০ অক্টোবর বৃহস্পতিবার সপ্তমী প্রাতঃ ৭/০৫ মিঃ, পূর্বাষাঢ়া রাত্রি ১/৩৯ মিঃ।

২৪ আশ্বিন ১১ অক্টোবর শুক্রবার মহাষ্টমী প্রাতঃ ৬/৫২ মিঃ পশ্চাৎ মহানবমী শেষরাত্রি ৫/৪১ মিঃ, উত্তরাষাঢ়া রাত্রি ১/২৩ মিঃ। পণ্ডিত শ্রীবৈষ্ণবচরণ দাস শাস্ত্রী বাবা (গোবর্ধন, উমরাই ও বাঁকুড়া), শ্রীশচীনন্দন দাসজী মহারাজ (সিদ্ধবাবা আশ্রম, কাম্যবন) তিরোঃ মহোঃ।

২৫ আশ্বিন ১২ অক্টোবর শনিবার **শ্রীবিজয়া দশমী** রাত্রি ৪/০৮ মিঃ, শ্রবণা রাত্রি ১২/৪৫ মিঃ। শ্রীশ্রীরামচন্দ্রের বিজয়োৎসব, জগৎগুরু শ্রীপাদ মধ্বাচার্য্যের আবির্ভাব মহোঃ।

২৬ আশ্বিন ১৩ অক্টোবর রবিবার ব্রত, **শ্রীপাশাঙ্কুশা একাদশী** (বঙ্গে দশমী বিদ্ধা) রাত্রি ২/২৩ মিঃ, ধনিষ্ঠা রাত্রি ১১/৪৫ মিঃ। সোমবার ব্রজে দিবা ৯/৩০ মিঃ মধ্যে পারণ। **কার্ত্তিক নিয়মসেবা প্রারম্ভ।** সূর্যোদয়- মথুরা- ৬/২৩ মিঃ।

২৭ আশ্বিন ১৪ অক্টোবর সোমবার দ্বাদশী **(বঙ্গে ব্রত)** রাত্রি ১২/২১ মিঃ, শতভিষা রাত্রি ১০/২৭ মিঃ। **শ্রীল রঘুনাথভট্ট গোস্বামী, শ্রীল রঘুনাথদাস গোস্বামী এবং শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী** ও শ্রীপ্রেমানন্দ দাস বাবা (তালগড়া) তিরোঃ মহোঃ। বঙ্গে মঙ্গলবার দিবা ৯/৩০ মিঃ মধ্যে পারণ। সূর্যোদয়- কলকাতা-৫/৩৭ মিঃ।

২৮ আশ্বিন ১৫ অক্টোবর মঙ্গলবার ত্রয়োদশী রাত্রি ১০/০৮ মিঃ, পূর্বভাদ্রপদ

রাত্রি ৮/৫৮ মিঃ।

২৯ আশ্বিন ১৬ অক্টোবর বুধবার চতুর্দ্দশী রাত্রি ৭/৪৬ মিঃ, উত্তরভাদ্রপদ রাত্রি ৭/২১ মিঃ। **শ্রীশ্রীরাধাকৃষ্ণের শারদীয় রাসযাত্রা।**

৩০ আশ্বিন ১৭ অক্টোবর বৃহস্পতিবার শরদ্ পূর্ণিমা সায়ং ৫/২৯ মিঃ, রেবতী সায়ং৫/৪০ মিঃ। **তুলাসংক্রান্তি।**

কার্ত্তিক মাস ৩০ দিন (শ্রীদামোদর)

কার্ত্তিক কৃষ্ণপক্ষ

১ কার্ত্তিক ১৮ অক্টোবর শুক্রবার প্রতিপদ দিবা ২ /৫৬ মিঃ, অশ্বিনী দিবা ৩/৫৯ মিঃ।

২ কার্ত্তিক ১৯ অক্টোবর শনিবার দ্বিতীয়া দিবা ১২/৩৯ মিঃ, ভরণী দিবা ২/২৭ মিঃ।

৩ কার্ত্তিক ২০ অক্টোবর রবিবার তৃতীয়া দিবা ১০/২৯ মিঃ, কৃত্তিকা দিবা ১/০৬ মিঃ। শ্রীতমালকৃষ্ণ দাস বাবা (গোবর্ধন) তিরোঃ মহোঃ।

৪ কার্ত্তিক ২১ অক্টোবর সোমবার চতুর্থী দিবা ৮/৫৯ মিঃ, রোহিণী দিবা ১২/১৫ মিঃ।

৫ কার্ত্তিক ২২ অক্টোবর মঙ্গলবার পঞ্চমী প্রাতঃ ৭/৩৩ মিঃ, মৃগশিরা দিবা ১১/৩৫ মিঃ। **শ্রীনরোত্তম দাস ঠাকুর মহাশয় তিরোঃ মহোঃ।**

৬ কার্ত্তিক ২৩ অক্টোবর বুধবার ষষ্ঠী প্রাতঃ ৬/৩২ মিঃ পশ্চাৎ সপ্তমী শেষরাত্রি ৫/৫৭ মিঃ, আর্দ্রা দিবা ১১/১৮ মিঃ। পণ্ডিত শ্রীশ্যামসুন্দর দাস বাবা (আনোর) তিরোঃ মহোঃ।

৭ কার্ত্তিক ২৪ অক্টোবর বৃহস্পতিবার অষ্টমী শেষরাত্রি ৫/৫২ মিঃ, পুনর্বসু দিবা ১১/২৮ মিঃ। **মধ্যরাত্রে শ্রীরাধাকুণ্ডে স্নান।** শ্রীরামচন্দ্র কবিরাজ, সিদ্ধ শ্রীভগবান দাস বাবা (কালনা), মহান্ত শ্রীগোপাল দাস বাবা (ভাদাবল), শ্রীকুঞ্জবিহারী দাস বাবা (শ্রীগিরিধারী মঠ, খামারপাড়া, বাংলাদেশ) তিরোঃ মহোঃ।

৮ কার্ত্তিক ২৫ অক্টোবর শুক্রবার নবমী শেষরাত্রি ৬/২০ মিঃ, পূষ্যা দিবা ১২/০৯ মিঃ। পণ্ডিত শ্রীনন্দলাল দাস বাবা (ভজনকুটীর ও জীবগোস্বামী ঘেরা রাধাকুণ্ড) তিরোঃ মহোঃ।

৯ কার্ত্তিক ২৬ অক্টোবর শনিবার দশমী অহোরাত্র, অশ্লেষা দিবা ১/০৮ মিঃ।

১০ কার্ত্তিক ২৭ অক্টোবর রবিবার দশমী প্রাতঃ ৭/১৮ মিঃ, মঘা দিবা ২/৪৯ মিঃ। শ্রীল নিত্যানন্দ গোস্বামী (শ্রীনিতাই কুঞ্জ, গোরাধাম কলোনী, রাধাকুণ্ড) তিরোঃ মহোঃ।

১১ কার্ত্তিক ২৮ অক্টোবর সোমবার ব্রত, **শ্রীরমা একাদশী** দিবা ৮/৪২ মিঃ, পূর্বফাল্গুনী সায়ং ৪/৫৮ মিঃ। মঙ্গলবার দিবা ৯/৩০ মিঃ মধ্যে পারণ। সূর্যোদয়- মথুরা- ৬/৩১ মিঃ,কলকাতা- ৫/৪৪ মিঃ।

১২ কার্ত্তিক ২৯ অক্টোবর মঙ্গলবার দ্বাদশী দিবা ১০/২৪ মিঃ, উত্তরফাল্গুনী রাত্রি ৭/০৯ মিঃ। পণ্ডিত শ্রীকৃষ্ণচরণ দাস বাবা (কেশীঘাট ঠোর, বৃন্দাবন) তিরোঃ মহোঃ।

১৩ কার্ত্তিক ৩০ অক্টোবর বুধবার ত্রয়োদশী দিবা ১২/২৫ মিঃ, হস্তা রাত্রি ৯/৫৭ মিঃ।

